

ঈশ্বর তোমাকে
ক্ষমা করবেন ও
সাহায্য করবেন।



ঈশ্বর সম্পর্কে এই বিষয়গুলি শেখ—

ভোজনের চেয়ে ঈশ্বরের আশীর্বাদ অনেক বড়।

ঈশ্বর যাকোবকে ক্ষমা করলেন ও আশীর্বাদ করলেন।

ঈশ্বর তোমার স্বর্গে যাবার জন্য এক পথ তৈরী করেছেন।

অন্যায় স্বীকার করতে ঈশ্বর তোমাকে সাহায্য করবেন।



বাইবেলের এই অংশটি
পাঁচবার জোরে পড়।

“আমি সদাপ্রভু..... আমি তোমার
সঙ্গে আছি। যে যে স্থানে তুমি যাবে
সেই সেই স্থানে তোমাকে রক্ষা করবো।” আদি ২৮ : ১৩, ১৫
যীশু তাকে উত্তর দিলেন, “আমিই পথ।” যোহন ১৪ : ৬

এটা কি করতে পার ?
আগের পাঠ থেকে কিছু প্রশ্ন,
যে ক'টা পার উত্তর দাও।

- ১। না মরেই কে স্বর্গে গেলেন?.....
- ২। কে জাহাজ তৈরী করলো?.....
- ৩। কে তার ভাইকে খুন করলো?.....
- ৪। ভোজনের চেয়ে কোন জিনিস বেশী প্রয়োজনীয়?.....

সঠিক উত্তর

১। হনোক ২। নোহ ৩। কয়িন ৪। ঈশ্বরের আশীর্বাদ



ভোজন পানের চেয়ে ঈশ্বরের আশীর্বাদ অনেক বড়।

নীচে বিন্দু ● হতে ● বিন্দু পর্যন্ত শব্দগুলির
নীচে লম্বা দাগ দাও।

ইসহাকের স্ত্রী ছিলেন রিবিকা।

ইসহাক ও রিবিকা ঈশ্বরকে ভালবাসতেন।

ঈশ্বর তাদের জমজ সন্তান

দিলেন এষৌ এবং যাকোব।

এষৌ ছিলেন শিকারী

যাকোবের আগে তার জন্ম হয়।

● জ্যেষ্ঠ ভাই হিসাবে ঈশ্বরের বিশেষ
আশীর্বাদ পাওয়ার অধিকার ছিল তার। ●

এটা সাধারণতঃ (পরিবারের) বড় ছেলেদের

জন্মগত অধিকার। ● কিন্তু ঈশ্বরের বিশেষ আশীর্বাদ

পাওয়ার চেয়ে ভোজন পানের দিকে এষৌর ঝোঁক

বেশী ছিল ● এষৌ ঈশ্বরকে ভালবাসত না। শুধুমাত্র সে

নিজের জন্যই বেশী মায়া করতো। এক বাটি রাংগা ডাল

খাওয়ার বিনিময়ে এষৌ যাকোবের কাছে তার জ্যেষ্ঠ অধিকার

বিক্রি করলো। অবশ্য পরে এষৌ এর জন্য খুব দুঃখ করেছিল

সমস্ত ভোজন পানের চেয়ে ঈশ্বরের আশীর্বাদ অনেক বড়।



ঈশ্বর যাকোবকে ক্ষমা করলেন ও আশীর্বাদ করলেন।


● যাকোব তার পরিবারের বিরুদ্ধে অনেক অন্যায় করেছিল। ● সে পিতার কাছে

মিথ্যা কথা বলেছে ও বড় ভাইকে ঠকিয়েছে। সে এষৌর জ্যেষ্ঠ অধিকার কিনে

নিয়ে ঈশ্বরের আশীর্বাদ তার কাছ থেকে চুরি করলো।

● তবুও ঈশ্বর যাকোবকে ভালবাসলেন। ●

এসো যাকোবকে মেরে ফেলতে চাইলো,
যাকোব বাড়ী থেকে অনেক দূরে চলে গেল।
পথে ঈশ্বর স্বপ্নে যাকোবের সংগে
কথা বললেন।



যাকোব স্বপ্নে দেখলো যে পৃথিবী
থেকে স্বর্গে এক সিঁড়ি চলে গেছে।
ঈশ্বর যাকোবকে আশীর্বাদ করবেন
বলে প্রতিজ্ঞা করলেন।

যাকোব স্বপ্ন থেকে জেগে উঠে খুব খুশী হলো, কারণ তখনও
তার প্রতি ঈশ্বরের ভালবাসা ছিল। ● যেসব অনায়ায যাকোব
তার পরিবারের বিরুদ্ধে করেছিল ঈশ্বর তা ক্ষমা করলেন। ●
ঈশ্বর তার সংগে থেকে সঠিক কাজ করতে তাকে সাহায্য করতেন
● যাকোব জানতো যে সে যদি ঈশ্বরকে অনুসরণ করে চলে
তাহলে ঈশ্বর অবশ্যই তাকে একদিন স্বর্গে নিয়ে যাবেন। ●



● ঈশ্বর তোমাদের স্বর্গে নেবার জন্য এক
পথ করেছেন। ●
যীশুই সেই স্বর্গের পথ।
তিনি তোমার মুক্তির জন্য মরেছেন।
● জীবনের সব অবস্থায় তার অনুসরণ কর।
তিনি তোমাকে স্বর্গে নিয়ে যাবেন। ●
● ঈশ্বর যাকোবের তত্ত্বাবধান করলেন।
যাকোব একজন মেষপালক হল। তার
অনেক ছাগল ও ভেড়া ছিল।
ঈশ্বর যাকোবকে একটি পরিবারও
দিলেন।





ঈশ্বর যাকোবকে অন্যায় স্বীকার করতে সাহায্য করলেন। পরিশেষে ঈশ্বর যাকোবকে বাড়ী ফিরে যেতে বললেন। কিন্তু এষৌ যাকোবকে মেরে ফেলতে চাইলো। এষৌ যাকোবের বিরুদ্ধে লড়াবার জন্য 800 লোক নিয়ে উপস্থিত হলো।



- যাকোব ঈশ্বরের কাছে সাহায্য প্রার্থনা করলো। ●
- ঈশ্বর যাকোবকে ক্ষমা করে তার নাম ইস্রায়েল রাখলেন।
- ঈশ্বর যাকোবকে সাহায্য করলেন যেন সে এষৌকে বলতে পারে যে সে তার অন্যায়ের জন্য দুঃখিত। ●
- (ফলে) দুই ভাই আবার সুন্দর বন্ধুতে পরিণত হলো।

ঈশ্বর তোমাকেও অন্যায় স্বীকার করতে সাহায্য করবেন। তুমি অন্যায় করে কখনও কি তার জন্য দুঃখ অনুভব করেছ? হয়তো তোমরা কারও সংগে খারাপ ব্যবহার করেছ তাই চাচ্ছ ঈশ্বর যেন তোমাদের ক্ষমা করেন ও আশীর্বাদ করেন। ঈশ্বরকে বলা উচিত যে তোমার অন্যায়ের জন্য তুমি দুঃখিত। তবে কারও ক্ষতি করলে তোমার অবশ্যই তাকে বলা উচিত, “ভাই আমি দুঃখিত।”

- (তাতে) ঈশ্বর তোমাকে ক্ষমা করবেন ও সাহায্য করবেন। ●
- অন্যের সংগে বন্ধু হয়ে থাকতে তিনি আবার তোমাকে সাহায্য করবেন।

এই প্রার্থনাটি মুখস্ত কর—

প্রভু, আমি তোমার কাছে প্রার্থনা জানাচ্ছি যে, অন্যের প্রতি যে অন্যায় করেছি তার জন্য তুমি আমাকে ক্ষমা কর। তাদের প্রতি আমার অন্যায় স্বীকার করে আবার যেন বন্ধুভাবে থাকতে পারি সেই বিষয়ে তুমি আমাকে সাহায্য কর।



এবারে ম্বাদশ পাঠের ছাত্র রেকর্ডটি পূরণ কর।